মেহেরপুরে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরে পুকুরে ডুবে সোহাগ হোসেন নামের দুই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে।

আজ শনিবার (১৪ অক্টোবর) দুপুর দেড়টার সময় মেহেরপুর পৌর এলাকার ৩ নম্বর ওয়ার্ডের শাহাজী পাড়ায় এই মর্মান্তিক দূর্ঘটনা ঘটে।

দুর্ঘটনার স্বীকার হয়ে মৃত্যুবরণ করা সোহাগ হোসেন শাহাজিপাড়ার মেহেদী হাসানের একমাত্র সন্তান।

বিষয়টি অপমৃত্যু হওয়াতে জন প্রতিনিধি হিসেবে মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পীর বক্তব্য নিতে বেশ কয়েকবার ফোন দিলেও তিনি ফোন ধরেন নি। তাই এই মর্মান্তিক ঘটনায় তার কোন বক্তব্য পাওয়া যায়নি।

পরবর্তীতে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলামের বক্তব্য নেয়ার জন্য তাকে ফোন দিয়েও বক্তব্য পাওয়া সম্ভব হয়নি।

মেহেরপুরে সবজির বাজারে আগুন

গত সপ্তাহে কয়েকদিনের টানা বর্ষণের অজুহাতে মেহেরপুরের কাঁচা বাজারে সবরকম শাক সবজির দাম গত সপ্তাহের তুলনায় বৃদ্ধি পেয়েছে। বেড়েছে মাছের দামও। সবচেয়ে বেশি বেড়েছে বেগুন ও কাঁচা মরিচের দাম।

গতকাল শুক্রবার (১৩ অক্টোবর) দুপুরে মেহেরপুর শহরের বড়বাজার ঘুরে দেখা যায় , সবকিছুই সাধারণ মানুষের নাগালের বাইরে। শাক-সবজি থেকে শুরু করে সবকিছুর দামই বেশি। সবজি বিক্রেতারা বলছেন টানা বর্ষণের কারণে মৌসুমী ফসলগুলো নষ্ট হয়ে গেছে। ফলে সরবরাহ কম। তাই গত কয়েকদিনে প্রতিটি শাকসবজির মূল্য বৃদ্ধি পেয়েছে।

সরকারি ছুটির দিন হওয়াতে ভোক্তা অধিকার ও জেলা প্রশাসনের প্রশাসনের বাজার মনিটরিং কমিটির সদস্যদের বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

সরজমিনে মেহেরপুরের বড়বাজার কাঁচা বাজারে যেয়ে দেখা যায় প্রতি কেজি আলু বিক্রি হচ্ছে ৪২ টাকায়, পেঁয়াজ ৯০ টাকা, কাঁচা মরিচ ১২০ টাকা কেজি, রসুন ৩৫০ টাকা, আদা ২০০ টাকা, বেগুন ৮০ টাকা, পটল ৭০ টাকা, ঢেঁড়স ৫০ টাকা, কাঁচা কলা ৬০ টাকা ও শসা ৬০ টাকা কেজি দ্বারা বিক্রি হচ্ছে। এছাড়া মাছের দামও বেড়েছে।

পারুল আক্তার নামে এক গৃহিণী জানান, গত মাসের শুরুতে বেগুন, কাঁচা মরিচসহ বিভিন্ন শাকসবজির দাম নাগালের মধ্যে ছিল। কিন্তু গত কয়েকদিনে সব রকম শাকসবজির দাম বৃদ্ধি পেয়েছে।

দিনমজুর রহিম মিয়া জানালেন বর্তমান উচ্চমূল্যের বাজারে পরিবার নিয়ে দুই বেলা ডাল ভাত খেতেও তাদের হিমশিম খেতে হচ্ছে।

পিরোজপুর থেকে আসা রিকশাচালক আদনান প্রচন্ড ক্ষোভ প্রকাশ করে বলেন সরকার কিছু পণ্যের দাম নির্ধারণ করে আমাদের সাথে তামাশা করছে। পণ্যগুলোর দাম যখন নির্ধারণ করেই দিয়েছে, তখন সঠিকভাবে তদারকি করছে না কেন।

এদিকে গরুর মাংস প্রতি কেজি বিক্রি হচ্ছে ৭৫০ থেকে ৮০০ টাকা, খাসির মাংস প্রতি কেজি ১০০০ টাকা, দেশি মুরগির মাংস বিক্রি হচ্ছে প্রতি কেজি ৫০০ টাকা এবং বয়লার মুরগির মাংস বিক্রি হচ্ছে প্রতি কেজি ১৭০/১৭৫ টাকা এবং ডিম প্রতি পিস ১৩ টাকা দরে।

মেহেরপুর জেলা বিএনপির অনশন

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও উন্নত চিকিৎসার জন্য বিদেশে প্রেরণের দাবিতে বিএনপি’র কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে অনশন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ শনিবার (১৪ অক্টোবর) বেলা ১১ টা থেকে দুপুর ২টা পর্যন্ত মেহেরপুর পৌর এলাকার কাঁসারী পাড়ায় অবস্থিত জেলা বিএনপি

কার্যালয়ের সন্নিকটে বিএনপি’র কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে এই অনশন কর্মসূচি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সাধারণ সম্পাদক সাবেক এমপি আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, আব্দুর রহমান বিশ্বাস, ইলিয়াস আলী, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড: মারুফ আহমেদ বিজন, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন্নেসা নয়ন সহ যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দল ও বিএনপির অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মুজিবনগরে সাবেক সংসদ সদস্য আবদুল মান্নানের গনসংযোগ

স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ননিয়ে প্রধানমন্ত্রীর বার্তা পৌঁছে দিতে মুজিবনগরের উপজেলার বিভিন্ন স্থানে সাবেক সংসদ সদস্য প্রফেসর আবদুল মান্নান গণসংযোগ করেন।

আজ শুক্রবার (১৩ অক্টোবর) মুজিবনগর উপজেলার মোনাখালি, দারিয়াপুর, পুরনতোপুর,নাজিরাকুনি, ভবেরপাড়া, সোনাপুর, মাঝের পাড়া, কেদারগন্জ ও বল্লভপুর গণসংযোগ করেন তিনি।

এই সময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য রফিকুল ইসলাম, দিলীপ, জাহাঙ্গীর আলী, ওয়ার্ড আওয়ামীলীগের নেতা আলী আরশাদ, লাবলুমিয়া সহ

উপজেলার স্থানিয় আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন খালেদুজ্জামান খাঁন ডালিম, মির্জা গালিব, মিরাজুল ইসলাম, সাইদুর রহমান, হুমায়ূন কবির বাবু, মুসাদ আলি সহ অনেক নেতাকর্মী।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

“অসমতার বিরুদ্ধে লড়াই করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিবাদে মুজিবনগরে র্যালি, আলোচনা সভা এবং ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়ার মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।

শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয় র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ অডিটরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী।

আলোচনা সভা শেষে উপজেলা চত্বরে মুজিবনগর ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়।

বারাদী কৃষি ব্যাংকে বিদ্যুৎ বিলে রেভিনিউ স্ট্যাম্পের টাকা আদায়কারীর পকেটে

সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে বিদ্যুৎ বিলের রেভিনিউ স্ট্যাম্পের টাকা চলে যাচ্ছে বিল আদায়কারীর পকেটে। বাংলাদেশ কৃষি ব্যাংক বারাদী শাখার বিদ্যুৎ বিল আদায়কারী শরিফুল ইসলাম প্রতিনিয়ত এ কাজটি করে বলে অভিযোগ রয়েছে।

গতকাল বৃহষ্পতিবার সকালে সরেজমিনে গিয়ে কৃষি ব্যাংক বারাদী শাখায় পরিশোধিত একটি বিদ্যুৎ বিলের কপি পরীক্ষা করে ঘটনার সত্যতা পাওয়া যায়। মোঃ আশাদুল ইসলাম নামের এক গ্রাহকের ৬৭৩/- টাকা বিদ্যুৎ বিল পরিশোধ করার পরও বিলের গ্রাহক কপিতে কোন রাজস্ব টিকিট পাওয়া যায় নি। সরকারি নিয়ম অনুযায়ী পাঁচশত টাকার উর্দ্ধের সকল বিদ্যুৎ বিলের গ্রাহক কপিতে ১০ টাকা মুল্যমান একটি রাজস্ব টিকিট লাগানো বাধ্যতামুলক। কিন্তু সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে গ্রাহকের কপিতে রাজস্ব টিকিট না লাগিয়ে পরবর্তীতে অন্যথায় টিকিট বিক্রি করে বিক্রির টাকা চলে যাচ্ছে বিদ্যুৎ বিল আদায়কারীর পকেটে। এভাবে প্রতিনিয়ত সরকারি রাজস্বের বড় একটা অংশ নীরবে গায়েব হয়ে যাচ্ছে। যেটা দেখার কেউ নেই।

এ বিষয়ে বিল আদায়কারী শরিফুল ইসলাম বলেন, রাজস্ব টিকিট ফুরিয়ে যাওয়ায় লাগানো হয়নি। রাজস্ব টিকিট ব্যতীত বিল নিলেন তাহলে রাজস্বের এই টাকা টা কোথায় যাচ্ছে এমন প্রশ্নের জবাবে শাখা ব্যবস্থাপক বলেন, ঐ হিসাব টা আমি দেবো।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (অর্থ) ফ্লোরিডা পারভীন বলেন, চলমান মাসের প্রতিটি ৫শ টাকার উর্দ্ধের বিদ্যুৎ বিলের জন্য দশ টাকার একটি রাজস্ব টিকিট দেয়া হয়। তারা যদি এমনটি করে তাহলে এ বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।

এছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক বারাদী শাখায় বিদ্যুৎ বিল জমা দিতে গেলে গ্রাহক হয়রানির অভিযোগ রয়েছে। অনেক সময় বিদ্যুৎ বিল না নিয়ে বিভিন্ন কথা বলে গ্রাহককে ফেরত পাঠানো হয় বলে জানান এক ভুক্তভোগী।

আওয়ামীলীগ নেতা ও টিভি উপস্থাপক আসলাম শিহির ক্যান্সারে আক্রান্ত

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসলাম শিহির দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়েছেন। তার চিকিৎসার জন্য ৫০ লাখ টাকার বেশি প্রয়োজন। তিনি একাধারে আবৃত্তিশিল্পী, নাট্যাভিনেতা, টিভি ও রেডিওর উপস্থাপক আসলাম শিহির

থাইরয়েড গ্রন্থি ফুলে যাওয়ার কারণে আসলাম শিহির তীব্র ব্যাথা অনুভব করছিলেন। গত সেপ্টেম্বরে শুরুর দিকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ভর্তি হন। সেখানে নানান পরীক্ষা-নিরীক্ষার পরে চিকিৎসকরা তার অপারেশন করার সিদ্ধান্ত নেন। দুর্ভাগ্যবশত অস্ত্রোপচার সফল হয়নি!
এরপর বায়োপসিসহ অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা শেষে চিকিৎকরা জানান, তার থাইরয়েড ক্যান্সার হয়েছে। যার চিকিৎসা খরচ অত্যন্ত ব্যয়বহুল এবং দেশে সম্ভব না। চিকিৎসকরা ধারনা দিয়েছেন, এ জন্য ৫০ লাখ টাকার ওপরে খরচ হতে পারে।

কোন রকমে খেয়ে পরে বেঁচে থাকা মধ্যবিত্ত পরিবারের একজন মানুষের পক্ষে এত টাকা জোগাড় করা সম্ভব না।

আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংস্কৃতিক উপ কমিটির সদস্য মেহেরপুরের আসলাম হোসেন শিহির। তিনি ছাত্র জীবন থেকেই রাজনীতিতে জড়িয়ে পড়েন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় সদস্য ছিলেন। পরে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির দুবার সাংস্কৃতিক সম্পাদক হন। এর আগে আসলাম হোসেন শিহির মেহেরপুর জেলা ছাত্রলীগের সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। ব্যক্তি জীবনে তার স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রয়েছে। ছেলে-মেয়ে দুজনেই স্কুল পড়ুয়া।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রতি আস্থাশীল এবং অবিচল এ সাংস্কৃতিক কর্মী ও সংগঠক তার স্ত্রী সন্তানদের নিয়ে বাঁচতে চায়। আর এজন্য তিনি

সবার দোয়া সহযোগিতা কামনা করেছেন।

মেহেরপুর ডিবির অভিযানে মুজিবনগরে ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) মুজিবনগরে অভিযান চালিয়ে ২ মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বৃহস্পতিবার সন্ধ্যা সোয়া সাতটার দিকে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর এলাকা থেকে মাজেদুল ইসলাম (৩০) ও বিপ্লব আলী(১৯) কে ২০ বোতল ফেন্সিডিল সহ আটক করে ডিবি পুলিশ। আটক মাজেদুল ইসলাম জয়পুর গ্রামের আব্দুল মজিদের ছেলে ও বিপ্লব আলী একই এলাকার নজরুল ইসলামের ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে গোপন খবরের ভিত্তিতে এসআই উত্তম সহ ডিবি পুলিশের একটি টিম মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের তারানগর জয়পুর সড়কে অভিযান চালিয়ে মাজেদুল ও বিপ্লবকে ২০ বোতল ফেন্সিডিল সহ আটক করে।

ওসি ডিবি সাইফুল আলম জানান, আটককৃতদের মুজিবনগর থানায় সোপর্দ করা হয়েছ। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে নারী উদ্যোক্তার জুয়েলারী শোরুম উদ্বোধন

মেহেরপুরে নারী উদ্যোক্তা সাবিনা ইয়াসমিন (স্বপ্না)র জুয়েলারী সামগ্রীর শো-রুম স্বপ্না গোল্ড প্লেট জুয়েলারী হাউজের উদ্বোধন

করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর কাঁসারী বাজারের অবস্থিত স্বপ্না গোল্ড প্লেট জুয়েলারী হাউজ শো-রুমের উদ্বোধন করেন মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন।

এসময় সেখানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জুয়েলার্স সমিতির সভাপতি কিশোর পাত্র, সাধারণ সম্পাদক শেখ মমিনুল ইসলাম মমিন, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু,
আব্দুল মজিদ, মনা জুয়েলার্সের স্বত্বাধিকারী মোস্তাফিজুর মনা, মোস্তাফিজুর রহমান তপন সহ কাঁসারী বাজারের ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন।

স্বপ্না গোল্ড প্লেট জুয়েলারী হাউজের স্বত্তাধিকারী সাবিনা ইয়াসমিন (স্বপ্না) জানিয়েছেন, সকল প্রকার মানুষের চাহিদার কথা বিবেচনায় নিয়ে সুলভ মূল্যে আধুনিক ডিজাইনের গোল্ড প্লেটড জুয়েলারী সামগ্রী পাওয়া যাবে স্বপ্না গোল্ড প্লেট জুয়েলারী হাউজ শো-রুমে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে স্বপ্না গোল্ড প্লেট জুয়েলারী হাউজের সাফল্য ও উন্নতির কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত ।

গাংনীতে প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত

গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় বামুন্দী শাখার রামনগর গ্রামে প্রায় ৫০ জন খামারি নিয়ে “প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ পরামর্শ সভায় গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ ও তার প্রতিকার, খাবার ব্যাবস্থাপনা, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ

ব্যাবহার রোধ, পিপিআর,এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়। উক্ত ‘পরামর্শ কেন্দ্র’ সভায় রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: মোঃ আরিফুল ইসলাম এবং প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মো: মিনহাজুল আবেদীন (পিএসকেএস) এছাড়া আরও উপস্থিত ছিলেন বামুন্দী শাখার শাখা ব্যবস্থাপক মো: সাজিদ হোসেন।